গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
Hajj.gov.bd

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.২৪.৩০৭

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩২ / ২২ জুলাই ২০২৫

# ২০২৬ সনের হজের প্রাথমিক নিবন্ধন বিজ্ঞপ্তি

সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয় কর্তৃক ঘোষিত ২০২৬ সনের হজের রোড ম্যাপ/টাইম লাইন অনুযায়ী প্রাথমিক নিবন্ধন সময়সূচি ও শর্তাদি নিম্নরূপ:

| হজে গমনের মাধ্যম | প্রাথমিক নিবন্ধনের সময়সীমা | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| **সরকারি ও বেসরকারি** | **২৭ জুলাই ২০২৫ হতে ১২ অক্টোবর ২০২৫** | **৪,০০,০০০ (চার লক্ষ) টাকা** | **প্রাক-নিবন্ধিত ব্যক্তি বর্ণিত চার লক্ষ টাকা জমা করে প্রাথমিক নিবন্ধন করতে পারবেন** |

- রাজকীয় সৌদি সরকারের হজের টাইম লাইন অনুযায়ী বর্ণিত সময়ের মধ্যেই নিবন্ধন সম্পন্ন করতে হবে;
- সৌদি সরকার প্রদত্ত কোটা পূর্ণ হলে স্বয়ংক্রিয়ভাবে প্রাথমিক নিবন্ধন কার্যক্রম বন্ধ হয়ে যাবে;
- সৌদি পর্বের ব্যয়ের হিসাব ও বিমান ভাড়া নির্ধারণ সাপেক্ষে যথাসময়ে হজ প্যাকেজ ও গাইড লাইন ঘোষণা করা হবে;
- হজ প্যাকেজে উল্লিখিত সময়ের মধ্যে প্যাকেজ মূল্যের অবশিষ্ট অর্থ পরিশোধ করতে হবে;
- সরকারি ও বেসরকারি উভয় মাধ্যমের প্রাক-নিবন্ধন ফি ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা;
- সরকারি মাধ্যমে ই-হজ সিস্টেম (www.hajj.gov.bd), লাব্বাইক মোবাইল অ্যাপ, সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার/ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয়/জেলা কার্যালয়/বায়তুল মোকাররম মসজিদ (৩য় তলা) ও হজ অফিস, আশকোনা, ঢাকা হতে নিবন্ধন করা যাবে;
- অনুমোদিত যে কোন হজ এজেন্সি কর্তৃক বেসরকারি মাধ্যমের হজযাত্রীর প্রাথমিক নিবন্ধন করা যাবে;
- হজ কার্যক্রম পরিচালনায় প্রাথমিকভাবে যোগ্য এজেন্সির তালিকা www.hajj.gov.bd এ পাওয়া যাবে;
- সরকারি মাধ্যমে মক্কা ও মদিনার বাড়ি/হোটেলে সর্বোচ্চ ৫ সিট থাকবে, তবে প্যাকেজ আপগ্রেডেশন (২/৩ সিটের রুম, শর্ট প্যাকেজ) সুবিধা গ্রহণে একই ভাউচারে সমসংখ্যক হজযাত্রী থাকতে হবে;
- প্রাথমিক নিবন্ধনের জন্য প্রাক-নিবন্ধন সনদ ও পাসপোর্ট প্রয়োজন হবে;
- সরকারি মাধ্যমে হজে গমনেচ্ছুক ব্যক্তিগণ সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল ঢাকা, হিসাবের শিরোনাম Sale Proceeds of Hajj Deposit, হিসাব নম্বর ০০০২৬৩৩০০০৯০৮ এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ভাউচারের মাধ্যমে ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা জমা দিয়ে প্রাথমিক নিবন্ধন করতে পারবে;
- এজেন্সির মাধ্যমে হজে গমনেচ্ছুক ব্যক্তিগণ একই পরিমাণ অর্থাৎ ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা এজেন্সির নির্ধারিত ব্যাংক হিসাবে জমা দিয়ে প্রাথমিক নিবন্ধন করতে পারবে। এজেন্সির ব্যাংক একাউন্টের তথ্য হজ পোর্টালে এজেন্সির প্রোফাইলে পাওয়া যাবে;
- হজ একটি কষ্টসাধ্য ইবাদত বিধায় শারীরিক এবং মানসিকভাবে সুস্থ ও উপযুক্ত ব্যক্তিগণই কেবল নিবন্ধন করবেন;
- দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত ব্যক্তি (হৃদরোগ, ফুসফুস, লিভার সিরোসিস, কিডনী রোগে আক্রান্ত, নিউরোলজিক্যাল, মানসিক রোগ, ঝুঁকিপূর্ণ গর্ভাবস্থা, যক্ষা এবং কেমোথেরাপী/রেডিওথেরাপী গ্রহণকারী ক্যান্সার আক্রান্ত ব্যক্তি) প্রাথমিক নিবন্ধন করবেন না;
- নিবন্ধনের সময় হজে গমনেচ্ছুক ব্যক্তিগণকে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন বা যেকোন সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল থেকে আবশ্যিকভাবে ফিটনেস সার্টিফিকেট গ্রহণ করতে হবে;
- হজের আরকান-আহকাম, নিয়ম-কানুন সম্পর্কে সম্যক জ্ঞান অর্জনের জন্য হজ প্রশিক্ষণে প্রত্যেক হজযাত্রীকে বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ করতে হবে;
- নিবন্ধনসহ হজের যে কোন তথ্য ১৬১৩৬ নম্বরে (কল সেন্টার) ফোন করে জানা যাবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

22/07/2025

মো. তফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৮৯৯
morahajsection@gmail.com

**অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব.......................................................................মন্ত্রণালয়/বিভাগ
৪. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস,গুলশান, ঢাকা
৫. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব
৬. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা
৭. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা
৮. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৯. অতিরিক্ত সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
১১. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লি., প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা
১২. উপদেষ্টার একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
১৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
১৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
১৫. ব্যবস্থাপনা পরিচালক,....................................ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (সংশ্লিষ্ট শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনার অনুরোধসহ)
১৬. জেলা প্রশাসক (সকল).............................................................................
১৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশের অনুরোধসহ)
১৯. সিনিয়র তথ্য অফিসার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
২০. বিভাগীয় পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সকল বিভাগ, সংশ্লিষ্টদের অবগতি ও প্রাথমিক নিবন্ধনের কার্যক্রম গ্রহণের অনুরোধসহ
২১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ইউজারদের হজের নিবন্ধন করার সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো
২২. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা), সংশ্লিষ্টদের অবগতি ও প্রাথমিক নিবন্ধনের কার্যক্রম গ্রহণের অনুরোধসহ
২৩. মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা
২৪. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি হজের ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশের অনুরোধসহ)
২৫. স্বত্বাধিকারী/অংশীদার,----------------------------------------------------- (সকল হজ এজেন্সি)
২৬. জনাব -----------------------------------------------------------------------
২৭. অফিস কপি